

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩২৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০) মসজিদের সাথে ঘনিষ্ট সম্পর্ক রাখা এবং তাতে বসে থাকার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في لزوم المساجد والجلوس فيها

আরবী

(صحيح) وَ عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا تَوَطَّنَ رَجُلُ الْمَسَاجِدَ لِلصَّلَاةِ وَالذِّكْرِ إِلَّا تَبَشْبَشَ اللَّهُ تعالى إليه كَمَا يَتَبَشْبَشُ أَهْلُ الْغَائِبِ بِغَائِبِهِمْ إِذَا قَدِمَ عَلَيْهِمْ

. رواه ابن أبي شيبة وابن ماجه وابن خزيمة وابن حبان في صحيحيهما والحاكم وقال صحيح على شرط الشيخين

বাংলা

৩২৭. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ "যে ব্যাক্তি মসজিদকে সালাত এবং যিকরের জন্যে নিজের দেশ বানাবে, আল্লাহ তা'আলা তার উপর খুশী হয়ে তাকে নৈকট্য দান করবেন ও সম্মানিত করবেন। যেমন কোন অনুপস্থিত ব্যাক্তি হাযির হলে তাকে দেখে তার পরিবারের লোকেরা খুশী হয়।"

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনু আবী শায়বা, ইবনু মাজাহ্ ৮০০, ইবনু খুযায়মা ২/৩৭৯, ইবনু হিব্বান ১৬০৫ ও হাকেম। হাকেম বলেনঃ বুখারী ও মুসলিমের ১০৩১ শর্তানুযায়ী হাদীছটি সহীহ্)

ইবনু খুযায়মার অপর রেওয়ায়াতে আছেঃ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

مَا مِنْ رَجُلٍ كَانَ يُوَطِّنُ الْمَسَاجِدَ فَشَغَلَهُ أَمْرٌ ، أَقْ عِلَّةٌ ، ثُمَّ عَادَ إِلَى مَا كَانَ إِلاَّ تَبَشْبَشَ اللَّهُ إِلَيْهِ كَمَا يَتَبَشْبَشُ أَهْلُ الْغَائِبِ بِغَائِبِهِمْ إِذَا قَدِمَ.

''যে কোন ব্যাক্তি মসজিদকে নিজের দেশ বা বাসস্থান বানাবে, অতঃপর কোন বিষয় বা প্রয়োজন তাকে ব্যস্ত করে (এবং সে কারণে সে বের হয়ে যায়) তারপর আবার পূর্বাস্থানে ফিরে আসে, তবে আল্লাহ তা'আলা তার উপর খুশী হয়ে তাকে নৈকট্য দান করবেন ও সম্মানিত করবেন, যেমন কোন অনুপস্থিত ব্যাক্তি হাযির হলে তাকে দেখে তার



পরিবারের লোকেরা খুশী হয়।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন